

## শিক্ষামন্ত্রীর আশাবাদ

মার্চের মধ্যেই এসএসসি পরীক্ষা শেষ হবে এবং ১ এপ্রিল থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। এসএসসির ফল নির্দিষ্ট সময়েই প্রকাশিত হবে। গতকাল জুজবোর রাজধানীতে এসএসসি পরীক্ষার দুটি কেন্দ্র পরিদর্শন করতে গিয়ে অভিভাবকদের সঙ্গে আলাপকালে এমন আশাবাদই ব্যক্ত করলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, অনেকবার অনুরোধ করেছি, যাতে পরীক্ষা শুরু আগে ও পরে অন্তত দুই ঘণ্টা করে হরতাল-অবরোধ না দেয়। কিন্তু তারা সেটা করছেন না। উল্টো বিএনপির এক নেতা বলেছেন, 'কিসের পরীক্ষা'! কাগজানহীন, মূর্খ ও অপদার্থ না হলে কি কেউ এমন মন্তব্য করতে পারেন? শিক্ষামন্ত্রী অবরোধ-হরতাল বন্ধ করতে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার প্রতি আবারও আহ্বান জানান।

● বাসস